Internews

সংবাদ পরিবেশনের নির্দেশনা: ডেটা ভিজ্যুয়ালাইজেশনের টুল

কোভিড-১৯ মহামারীতে ডেটা ভিজ্যুয়ালাইজেশনের (চিত্রে ডেটা প্রদর্শন) ব্যবহার অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছে। আমাদের এই মিলিতভাবে 'বক্ররেখা সমতল করার' প্রয়াসে আমরা প্রতিনিয়ত টেলিভিশন স্ক্রিন এবং সামাজিক মিডিয়া ফিডে চার্ট, গ্রাফ এবং মানচিত্র দেখতে পাচ্ছি। বর্তমান বিশ্বে তথ্যের সহজলভ্যতার কারণে ডেটা ভিজ্যুয়ালাইজেশনের গুরুত্ব অত্যন্ত বেড়ে গেছে।

এর কিছু দুর্দান্ত উদাহরণ হল বিবিসি, ফিন্যান্সিয়াল টাইমস এবং দ্য নিউ ইয়র্ক টাইমস, যারা সেই শুরু থেকে ভাইরাস কীভাবে ছড়াচ্ছে তা ম্যাপ করছে, আর মহামারীর গতিপ্রকৃতির সাথে তাল মিলিয়ে কোন ডেটা কীভাবে ম্যাপ করা হবে তাতে পরিবর্তন নিয়ে আসছে।

ডেটা ভিজ্যুয়ালাইজেশন কি?

ডেটা ভিজ্যুয়ালাইজেশন হল মানচিত্র, গ্রাফ বা অন্যান্য চিত্রের মতো ভিজ্যুয়াল টুল ব্যবহার করে তথ্য বা ডেটা ব্যাখ্যা করা। ডেটা ভিজ্যুয়ালাইজেশনের সাহায্যে আমরা কোভিড-১৯ সম্পর্কিত তথ্যের প্রবাহ এমন ফরম্যাটে রূপান্তরিত করতে পারি যা আমাদের পাঠক/দর্শকদের পক্ষে বোঝা সহজ হবে। এর মাধ্যমে আমরা ডেটাকে সৃজনশীল ও আকর্ষণীয় আকারে তুলে ধরতে পারি যাতে জটিল তথ্য বোঝা সহজ হয়ে ওঠে।

ডেটা ভিজ্যুয়ালাইজেশনের মানে শুধুমাত্র আপনার প্রতিবেদনে একটা চিত্র বা গ্রাফ যোগ করা নয়। ভালো ডেটা ভিজ্যুয়ালাইজেশন হল ডেটা, ডিজাইন, কাহিনী এবং শেয়ারযোগ্যতার সমন্বয়।

ভালো ডেটা ভিজ্যুয়ালাইজেশন কাকে বলে?

ডেটা

ভালো মানের ডেটা দিয়ে শুরু করুন: তথ্যে কোনও ভুল, পুনরাবৃত্তি বা বানান ভুল যাতে না থাকে সেজন্য ডেটা শোধন করা হয়েছে তো? তা কি নির্ভরযোগ্য সূত্র থেকে সংগ্রহ করা হয়েছে?

তুলনায় প্রাসঙ্গিকতা বজায় রাখুন: ডেটার তাৎপর্য ব্যাখ্যা করার ক্ষেত্রে তুলনা খুব কাজে লাগে। এটা কত বড় পরিবর্তন? আপনার প্রেক্ষাপটের সাথে সেই ডেটা তুলনা করলে কী দেখা যাচ্ছে? তবে তুলনা যাতে অর্থপূর্ণ হয় সেদিকে নজর দেবেন। যেমন, একটি বড় শহরে কোভিড-১৯ সংক্রমণের হার একটি বিরল জনবসতির প্রত্যন্ত অঞ্চলের সাথে তুলনা করার তেমন কোনও অর্থ হয় না, তবে একই আকারের দুটি শহরের মধ্যে তুলনা করলে আপনার পাঠকদের পক্ষে প্রকৃত অবস্থা বোঝা সহজ হবে।

ডিজাইন
স্পষ্ট শিরোনাম এবং সূচক: যদিও চিত্রেই কাহিনীর সিংহভাগ স্পষ্ট হয়ে ওঠে, তবু কাহিনীর মূল বিষয়বস্তু লেবেল করতে ভুলবেন না। শীর্ষকটি মনোগ্রাহী হলে আপনার কাহিনীও বেশি মনোযোগ আকর্ষণ করবে।

সৃজনশীল - কিন্তু স্পষ্ট: একসাথে অনেক ধরনের ভিজ্যুয়াল উপাদান (রঙ, ফন্ট, স্টাইল) ব্যবহার করলে আপনার মূল বার্তা থেকে পাঠকদের মনোযোগ বিক্ষিপ্ত হতে পারে। ভিজ্যুয়ালাইজেশনের মূল উদ্দেশ্য হল ডেটা আরও বেশি সংখ্যক পাঠকের বোধগম্য করে তোলা। কোনও গ্রাফ বুঝতে না পারলে পাঠকরা সাধারণত নিজেদের দোষারোপ করেন। তবে বেশিরভাগ ক্ষেত্রে তা পাঠকের দোষ নয়, বরং ডিজাইনের সমস্যা।

কাহিনী
আপনি যে কাহিনী বলার চেষ্টা করছেন তাতে ভিজ্যুয়ালাইজেশন কীভাবে ভূমিকা রাখছে তা ভাবুন। সঠিক ফরম্যাট নির্বাচন করুন: বার চার্ট তুলনা করার জন্য ভালো, লাইন চার্ট সময়ের সাথে প্রবণতা দেখায়, এবং পিক্টোগ্রাম কাহিনীকে মজাদার ও আকর্ষণীয় করে তোলে। এমন ফরম্যাট বেছে নিন যা আপনার কাহিনীকে আরও সমৃদ্ধ করবে, তার থেকে মনোযোগ বিক্ষিপ্ত করবে না।
এখানে ১৭ ধরণের সাধারণ ডেটা ভিজ্যুয়ালাইজেশন এবং সেগুলির সুবিধার একটি তালিকা রয়েছে।

শেয়ারযোগ্যতা
ডেটা ভিজ্যুয়ালাইজেশন ভালো হলে আপনার কাহিনী নিয়ে আলোচনা হবে! ভালো মানের বিষয়বস্তু এর প্রথম পদক্ষেপ, তবে ডেটা ভিজ্যুয়ালাইজেশনে কোন ধরনের ফাইল ব্যবহার করবেন সেটাও বিবেচনা করা প্রয়োজন। যেমন জিআইএফ বা এনিমেশনে বিষয়বস্তু সচল রাখা যায় যা সোশ্যাল মিডিয়াতে অত্যন্ত জনপ্রিয়। সময়ের সাথে গ্রাফের পরিবর্তন দেখাতে পারেন বা অ্যানিমেশনের সাথে সঙ্গীত বা ধ্বনি ব্যবহার করতে পারেন। সব চিত্রে আপনার নিবন্ধের লিংক যোগ করবেন যাতে পাঠকের মনোযোগ আকর্ষিত হলে, তারা সম্পূর্ণ কাহিনী সহজে খুঁজে পান। ইনফরমেশন ইস বিউটিফুল এ ভিজ্যুয়ালের এমন অনেক অসাধারণ নমুনা রয়েছে যা তথ্য দেয়ার পাশাপাশি প্রেরণা জাগায়। অনলাইনে এমন অনেক ফ্রি টুল রয়েছে যার সাহায্যে প্রথম দিন থেকেই আকর্ষণীয় কন্টেন্ট তৈরি করতে পারবেন।

ডেটা ভিজ্যুয়ালাইজেশনের টুল

এক্সেল এবং গুগল শিট
সহজ ডেটা ভিজ্যুয়ালাইজেশনের জন্য কোনও নতুন প্রোগ্রাম শেখার দরকার নেই। যারা নতুন শিখছেন তারা এক্সেল বা এটির অনলাইন সংস্করণ, গুগল শিট ব্যবহার করে ডেটাকে আকর্ষণীয় কনটেন্টে পরিণত করতে পারেন। গ্রাফ, মানচিত্র এবং চার্টের জন্য এই প্রোগ্রাম কীভাবে ব্যবহার করবেন তার একটি সাধারণ নির্দেশিকা এখানে রয়েছে।

ওয়ার্ড ক্লাউড
আপনার ডেটায় কোন শব্দ কতবার ব্যবহার হয়েছে তা দেখানোর একটা দারুণ পদ্ধতি হল ওয়ার্ড ক্লাউড। ওয়ার্ডক্লাউড তৈরি করার অনেক টুল রয়েছে, আপনি এগুলি মাইক্রোসফট ওয়ার্ডে বা অন্য অনলাইন টুল যেমন ওয়ার্ডক্লাউড, বা ট্যাগক্রাউড ব্যবহার করে তৈরি করতে পারেন।

ডেটার‍্যাপার
এটি সাংবাদিকদের জন্য সাংবাদিকদের তৈরি একটি টুল হিসাবে জনপ্রিয় এবং এই সাইটে চার্ট ও মানচিত্র তৈরির জন্য কোনও কোডিং অভিজ্ঞতার প্রয়োজন হয় না। ফিচার এবং টেম্পলেট আপনার স্টাইল গাইডের সাথে মানানসই করে নিতে পারবেন। এই ব্লগটি পড়ুন এবং করোনাভাইরাস সম্পর্কে লাইভ ভিজ্যুয়ালাইজেশনগুলি দেখুন।

ইনফোগ্রাম
কম সময়ের মধ্যে ইনফোগ্রাফিক,মানচিত্র এবং গ্রাফ তৈরি করতে হলে ইনফোগ্রাম ব্যবহার করতে পারেন। এতে বেশ কিছু সৃজনশীল টেম্পলেট রয়েছে যেমন সহ-সম্বন্ধ (কোরিলেশন) দেখানোর জন্য বাবল গ্রাফ, আকার ও পরিমাণ তুলনা করার জন্য পিক্টোরিয়াল চার্ট ইত্যাদি। ১০টি প্রকল্পের জন্য এটা বিনামূল্যে ব্যবহার করতে পারবেন। যারা নতুন শিখছেন তাদের জন্য এই সাইটে কীভাবে ইনফোগ্রাম ব্যবহার করে কোভিড-১৯ মহামারীর প্রতিবেদন তৈরি করা যায় তার ই-বুকস এবং টিউটোরিয়াল রয়েছে।

পিকটোচার্ট
এই টুলের সাহায্যে বিনামূল্যে টেম্পলেট ব্যবহার করে বা নিজের মতো কাস্টমাইজযোগ্য এবং ইন্টার‍্যাক্টিভ কন্টেন্ট তৈরি করা যায়। এটা ধাপে ধাপে নির্দেশিকা বা তথ্য ও পরিসংখ্যানের লেআউট তৈরি করতে খুব কাজে লাগে। কীভাবে আপনার নিবন্ধে ভিজ্যুয়াল উপকরণ যোগ করবেন এবং সঠিক টেম্পলেট নির্বাচন করবেন তা জানতে এই ব্লগটা পড়ুন।

ট্যাবলো পাবলিক
ট্যাবলো পাবলিক হল জনপ্রিয় নিউজরুম সফটওয়্যারের একটি ফ্রি সংস্করণ। এখানে এই প্ল্যাটফর্ম ব্যবহার করে তৈরি করা কিছু অসাধারণ প্রতিবেদন দেখতে পাবেন। পরামর্শ: ট্যাবলো পিসি-তে ব্যবহার করা যায়, যদিও ম্যাক সংস্করণ নিয়ে কাজ চলছে।

ডেটা ভিজ্যুয়ালাইজেশনের টুল (চলছে)

ম্যাপিং এবং জিওকোডিং টুল:

গুগল ফ্লারিশ

এই অনলাইন ডেটাবেস এবং ম্যাপিং টুলে সাংবাদিকরা বিনামূল্যে কোভিড -১৯ কেস এবং মৃত্যুর বিষয়ে মানচিত্র এবং চার্ট পেতে পারেন। গুগল নিউজ ল্যাবের অংশীদারিত্বে যোগ্য নিউজরুমকে ব্যক্তিগত ডেটা, টিম টুল এবং অন্যান্য প্রিমিয়াম ফিচারও বিনামূল্যে দেয়া হয়।

TimelineJS

যারা নতুন শিখছেন তারা এই ওপেন-সোর্স টুল ব্যবহার করে আরো আকর্ষণীয়ভাবে ডেটা এবং তথ্য ভিজ্যুয়ালাইজ করতে পারবেন। নর্থ-ওয়েস্টার্ন ইউনিভার্সিটির নাইট ল্যাবের তৈরি, TimelineJS বিভিন্ন উৎস থেকে মিডিয়া সংগ্রহ করতে পারে। টুইটার, ফ্লিকার, ইউটিউব, ভিমিও, ভাইন, ডেইলিমোশন, গুগল ম্যাপস, উইকিপিডিয়া, সাউন্ডক্লাউড, ডকুমেন্ট ক্লাউড এবং আরও অনেক উৎস থেকে। এই টুলটি ব্যবহারের নির্দেশিকা এই ভিডিওতে পাওয়া যাবে।

Maps4News

এই ইন্টার‍্যাক্টিভ মানচিত্র তৈরির টুলটি ২০১৯ সালে প্রকাশ করা হয়েছিল। এটা ব্যবহার করে সুন্দর সুন্দর স্টোরি লোকেটার তৈরি ও প্রকাশ করতে পারেন বা আপনার ডেটাকে মানচিত্রের মাধ্যমে তুলে ধরতে পারেন, যা আপনার কনটেন্টকে আরও বেশি মনোগ্রাহী করবে ও ভিউ বাড়াবে। এই কোভিড-১৯ ইনফোগ্রাফিকটি বিভিন্ন ফর্ম্যাটে ইন্টারেক্টিভ মানচিত্রসহ দেখুন।